শহর ও জেলার খবর

ঝাড়গ্রামে শুরু হল জঙ্গলমহল উৎসব

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রাম, ২০ জানুয়ারি— সোমবার শুভ উদ্বোধন হয়ে গেল পঞ্চম বর্ষ জঙ্গলমহল উৎসব। এদিন ঝাড়গ্রামের বাছুরডোবায় ননীবালা বয়েজ বিদ্যালয় মাঠে ষষ্ঠতম রাজ্যস্তরীয় জঙ্গলমহল উৎসব উদ্বোধন করেন রাজ্যের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। এদিন শিক্ষামন্ত্রী বলেন, 'যে যার মতো করে উৎসব করতে পারে। অসুবিধা কোথায়?' এদের ঘুম পাড়িয়ে রাখলে বোধহয় খুব ভালো হয়। আমরা জাগাতে চাই। তাদের চেতনাকে জাগাতে চাই, শিক্ষা, ভাবনাকে জাগাতে চাই। তাদের ভাবনার সঙ্গে বাংলার ভাবনা সংযুক্ত করতে চাই। মানুষের যা পাওনা, তা মানুষকে দিতে হবে। মাঝপথে তা যেন হারিয়ে না যায়। আমরা যা করছি, তা করব। কোথায় কী হচ্ছে তার উপর নির্ভর করে না। আমরা যেমন কারও জমি জোর করে কাড়তে দেব না, তেমনই আবার কারও নাগরিকত্ব জোর করে ছিনিয়ে নিতে দেব না। এই উৎসব থেকে যে প্রতিভাগুলি বের হবে, তা চিহ্নিত করে তাদের সেন্টার স্টেজে নিয়ে আসতে হবে।' তিনি আরও বলেন, জঙ্গলমহলে ঐতিহ্যবাহী সংস্কৃতিকে রক্ষা করার বার্তা দেবার সঙ্গে সঙ্গে এনআরসি'র বিরুদ্ধে জোরালো সওয়াল করেন। এদিন উৎসব প্রাঙ্গণে সত্তরটি লোকসংস্কৃতি দলের কয়েকশো শিল্পী তাদের প্রথাগত, ঐতিহ্যবাহী নৃত্যের মাধ্যমে মাতিয়ে তুলেছিলেন। ধামসা, মাদলের বোলে আর রংবেরঙের পোশাক পরিহিত শিল্পীরা যেভাবে উৎসব প্রাঙ্গণ কাঁপালেন, তাতে উঠে এসেছিল জঙ্গলমহলের আদি, মাটির সুর, তাল, ছন্দ।

এদিন বিকেল চারটা নাগাদ মঞ্চে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে রাজ্যস্তরীয় উৎসবের সূচনা হয়। সূচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, পশ্চিমাঞ্চল উন্নয়ন দফতরের মন্ত্রী শান্তিরাম মাহাত, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান, ডেপুটি স্পিকার সুকুমার হাঁসদা, পশ্চিমাঞ্চল উন্নয়ন দফতরের প্রধান সচিব সুব্রত বিশ্বাস, ঝাড়গ্রাম জেলা পরিষদের সভাধিপতি মাধবী বিশ্বাস, বিধায়ক চূড়ামণি মাহাত, ঝাড়গ্রামের প্রাক্তন সাংসদ ও ট্রাইবস অ্যাডভাইসারি কাউন্সিলের সদস্য উমা সোরেন, ঝাড়গ্রামের জেলাশাসক আয়েষা রানি, ঝাড়গ্রামের পুলিশ সুপার অমিতকুমার, ভরত রাঠোর প্রমুখ। এদিন পশ্চিমাঞ্চল উন্নয়ন দফতর ভারপ্রাপ্ত মন্ত্রী শান্তিরাম মাহাত বলেন, 'আগে জঙ্গলমহলের মানুষের মুখ দেখলে কান্না আসত। আজ তাদের মুখে হাসি ফুটেছে। জীবনের উন্নয়নের মান বেড়েছে। উৎসবে উঠে আসছে পরিবর্তনের চেহারা।' এদিন শান্তিরাম বাবু বলেন, 'উৎসব চত্বরে রয়েছে সব সরকারি দফতরের স্টল রয়েছে। সেই সব স্টল থেকে মানুষ জানতে পারবেন কোন দফতরের কী কাজ রয়েছে।'

এদিন মেলা উদ্বোধনের দিনই প্রচুর মানুষের সমাগম হয়েছিল। আগামী পঁচিশ জানুয়ারি পর্যন্ত চলবে উৎসব। প্রতিদিন সন্ধ্যায় থাকছে লোকসংস্কৃতির গানবাজনা সহ কলকাতার শিল্পীদের নানা অনুষ্ঠান। লেজার শো মাতাবে সবাইকে। সব মিলিয়ে আগামী কটাদিন গান, বাজনা, পিঠেপুলি সহ জঙ্গলমহলের নানা খাওয়াদাওয়া নিয়ে মজবে শহরবাসী।

ফ্রেট করিডরের জন্য জমির মালিকদের দেড়গুণ দাম দেবে রাজ্য সরকার

নিজস্ব প্রতিনিধি— লুধিয়ানা থেকে ডানকুনি পর্যন্ত ফ্রেট করিডরের জন্য দেড়গুণ দাম দিয়ে জমি কিনতে প্রস্তুত রাজ্য সরকার। শেষ পর্যন্ত মুখ্যমন্ত্রী হস্তক্ষেপে এই সিদ্ধান্তে মিটল ফ্রেট করিডরের জন্য জমি জটিলতা। ফ্রেট করিডরের জন্য হুগলি, পূর্ব ও পশ্চিম বর্ধমানের জমি অধিগ্রহণ করতে জমির মালিকদের দেড় গুণ দাম দেওয়া হবে। ভূমি ও ভূমি রাজস্ব দফতরকে এজন্য জমি চিহ্নিতকরণের কাজ যতশীঘ্র সম্ভব সারতে বলা হয়েছে। ওই তিন জেলার জেলাশাসকদের নিয়ে একটি কমিটিও তৈরির নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

লুধিয়ানা থেকে ডানকুনি পর্যন্ত ইস্টার্ন ফ্রেট করিডরটি যাবে হরিয়ানা, পাঞ্জাব, উত্তরপ্রদেশ, বিহার, ঝাড়খণ্ড এবং পশ্চিমবঙ্গের ওপর দিয়ে। ১৮৩৯ কিলোমিটার দীর্ঘ এই রেলপথ দিয়ে কেবলমাত্র পণ্যবাহী মালগাড়ি চলাচল করবে। এর মধ্যে পশ্চিমবঙ্গেরই তিনটি জেলার মধ্যে দিয়ে ২৩০ কিলোমিটার ফ্রেট করিডরের অংশ পড়েছে। রাজ্য সরকারের হস্তক্ষেপে জমির সমস্যা মিটে গেলে রাজ্যের মধ্যে দিয়ে পণ্যবাহী রেলপথ চালু হয়ে যাবে। লুধিয়ানা থেকে শোনপুর পর্যন্ত ফ্রেট করিডরের কাজ শেষ হয়ে গিয়েছে। এই রাজ্যে তিন জেলার ৯০ শতাংশ জমি অধিগ্রহণ হয়ে গেলে তবেই পিপিপি মডেলে কাজ শুরুর জন্য টেন্ডার ডাকা হবে।

মিছিল মিটিংয়ের গেরোয় এবার আটকে গেল কলকাতা পুলিশের 'জয় হে'

শ্রীপর্ণা বর্মন

চিরাচতি রীতি মেনে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় অনুষ্ঠিত হয় কলকাতা পুলিশের বিচিত্রানুষ্ঠান 'জয় হে'। পুলিশ কর্মী ও তাদের পরিবারকে উৎসাহ দিতে হাজির থাকেন খোদ মুখ্যমন্ত্রী থেকে শুরু করে বিশিষ্ট শিল্পী, ব্যাক্তিত্বরা। সারা বছর ধরে আইন শৃঙ্খলা রক্ষা থেকে শুরু করে অপরাধ নিয়ন্ত্রণে ব্যস্ত থাকেন পুলিশকর্মীরা। তাঁদের পরিবারের সদস্যদের জন্য উৎসব অনুষ্ঠানে সময় দেওয়ার সুযোগটুকু পান না পুলিশের সর্বস্তরের কর্মী থেকে আধিকারিক, কর্তারা। কাজের চাপে ছুটির ভাড়ার ভর্তি থাকলেও বরাদ্দ ছুটি অনেকক্ষেত্রেই নেওয়া হয়না অনেকের। আর তাই তাঁদের পরিবারের কথা মাথায় রেখেই এই বিশেষ অনুষ্ঠান শুরু হয়। এতদিন নিয়ম মেনে অনুষ্ঠিত হলেও তাল কাটল সেই কার্যক্রমে। প্রতি বছর আগস্ট মাসে এই বিচিত্রানুষ্ঠান আয়োজিত হয়ে থাকে। ২০১৯ সালের গোড়ার দিকেই ভোট পর্ব নিয়ে বেজায় ব্যস্ত ছিল পুলিশ প্রশাসন। মাস তিনেক আগে থেকেই নির্বাচনের পূর্ববর্তি রীতি মেনে পুলিশের শীর্ষকর্তা স্তরে রদবদল চলতে থাকে। যা ভোটের সময়ও ছিল অব্যাহত। যার জেরে ছন্দপতন হয় 'জয় হে' অনুষ্ঠানে। পুলিশের এক শীর্ষ আধিকারিক জানিয়েছেন, কলকাতা পুলিশের স্পেশাল সিপি'র তত্ত্বাবধানে এই অনুষ্ঠান এতদিন আবহমান ছিল। কিন্তু গত বছর ভোটের মাস খানেক আগে তাঁকে রাজ্য পুলিশের অন্য দফতরে বদলি করা হয়। যার ফলে আগস্ট মাসে এই অনুষ্ঠান পরিকল্পনা মাফিক ভাবে সাজিয়ে তোলা থেকে শুরু করে কার্যকর করা হয়নি বলেও জানিয়েছেন তিনি। এছাড়া এবার থেকে এই বিচিত্রানুষ্ঠান পরিচালনার বিশেষ দায়িত্বও হাতবদল হয়েছে। অতিরিক্ত কমিশনার (২) সুপ্রতিম সরকার গোটা বিষয় তত্ত্বাবধান করছেন বলে জানিয়েছেন ওই শীর্ষ পুলিশ আধিকারিক।

এই বিষয়ে কলকাতা পুলিশের এক কর্তা জানিয়েছেন, গত বছর অনুষ্ঠানটি আয়োজিত করা সম্ভব না হলেও এবারে করা হবে। তিনি আরও জানান, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কলকাতা পুলিশের শীর্ষ কর্তাদের সঙ্গে বৈঠকে নির্দেশ দিয়েছিলেন জানুয়ারিতেই 'জয় হে' আয়োজন করার। কিন্তু নয়া নাগরিকত্ব আইন নিয়ে গত বছরের শেষার্ধ থেকে নতুন বছরের শুরুয়াতেই রাজ্য জুড়ে চূড়ান্ত দোলাচল। এক মুখ্যমন্ত্রীরই পর পর একাধিক জনসভা থেকে পদযাত্রা আয়োজিত হয়েছে খাস কলকাতায়। এর পাশাপাশি অব্যাহত রয়েছে বিভিন্ন রাজনৈতিক সংগঠন থেকে শুরু করে বিভিন্ন স্বেচ্ছাসেবী, বিদ্বজনেদের নয়া নাগরিকত্ব আইনের পক্ষে-বিপক্ষে সভা সমাবেশ। যা সামাল দিতে গিয়ে রীতিমতো কালঘাম ছুটছে পুলিশ কর্তাদের। শহর সচল রাখা, যানজট নিয়ন্ত্রণের মতো বিষয়গুলির পাশাপাশি একইসঙ্গে অপরাধ দমন ও আইন-শৃঙ্খলা বজায় রাখা সহজ কাজ নয়। যার জেরে বাতিল করা হয়েছিল বিভিন্ন স্তরের কর্তা, আধিকারিক থেকে পুলিশকর্মীদের ছুটি। এর পাশাপাশি জানুয়ারিতে কথা হলেও শেষ পর্যন্ত অনিশ্চিত হয়ে পড়ে ফের 'জয় হে' কার্যক্রমের নির্ঘন্ট বলে জানিয়েছেন কলকাতা পুলিশের ওই শীর্ষ কর্তা। তবে শীঘ্রই যে পুলিশ পরিবারের জন্য এমন একটি বিচিত্রানুষ্ঠান আয়োজিত হবে তার নিশ্চয়তাও দিলেন ওই শীর্ষ পুলিশ কর্তা।

বর্ধমানের পূর্বস্থলীর শ্রীরামপুরে ভবতারিণী মাঠে কৃষিমেলার অনুষ্ঠানে আদিবাসী দিবসে বক্তব্য রাখছেন মন্ত্রী স্বপন দেবনাথ। এই কৃষিমেলার বিশেষত্ব হল প্রত্যেকদিন একটি করে দিবসকে থিম করে এই মেলার অনুষ্ঠান হয়। যেমন ছাত্র-যুব দিবস, শিশুদিবস, আদিবাসী দিবস।

কাকদ্বীপে নিখোঁজ মহিলার দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, দক্ষিণ ২৪ পরগনা, ২০ জানুয়ারি– সোমবার সকালে কাকদ্বীপ হার্ড-উড-পয়েন্ট সরকারপাড়ায় নিখোঁজ এক মহিলার পচাগলা দেহ মাঠ থেকে উদ্ধার হলে চাঞ্চল্য ছড়ায়। গরু চরাতে গিয়ে গ্রামবাসীরা দেহটি দেখতে পায়। পুষ্পরানি নামে বছর চল্লিশের মহিলা পাঁচদিন ধরে নিখোঁজ ছিলেন। এলাকারই বাসিন্দা পুষ্পদেবী নিখোঁজ হবার ঘটনা থানাতেও জানানো হয়েছিল।

পরিবারের অভিযোগ, মহিলাকে অপহরণ করে খুন করা হয়েছে। খবর পেয়ে পুলিশ দেহ উদ্ধার করে কাকদ্বীপ মর্গে পাঠিয়েছে ময়নাতদন্তের জন্য। কীভাবে মৃত্যু হল, দেহ কেন মাঠে পড়ে, খতিয়ে দেখছে পুলিশ।

নোবেলজয়ী অভিজিৎ বন্দ্যোপাধ্যায়কে সংবর্ধনা প্রেসিডেন্সির প্রাক্তনীদের

নিজস্ব প্রতিনিধি— প্রেসিডেন্সির প্রাক্তনী অ্যাসোসিয়েনের পক্ষ থেকে অতুলচন্দ্র গুপ্ত স্মারক পুরস্কার দেওয়া হবে নোবেলজয়ী অভিজিৎ বিনায়ক ব্যানার্জিকে। প্রেসিডেন্সির ২০২ তম সমাবর্তন দিবস উপলক্ষে প্রেসিডেন্সির প্রাক্তনী অভিজিৎবাবুকে এই সম্মান জানানো হবে। অ্যাসোসিয়েশনের সম্পাদক বিভাস চৌধুরী জানিয়েছেন আগামী ২৮ জানুয়ারি পর অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায় কলকাতায় এলে তাঁকে এই সম্মানতা প্রদান করা হবে। এর আগেও প্রেসিডেন্সির প্রাক্তনী অমর্ত্য সেন এবং বিমল জালানকে এই সংবর্ধনা দেওয়া হয়েছে। প্রেসিডেন্সির প্রাক্তনী প্রকাশিত উচ্চমানের গবেষণাপত্রগুলি প্রেসিডেন্সির ডিজিটাল আর্কাইভে সংরক্ষণ করে রাখা হয়েছে। যেগুলি ভবিষ্যতের গবেষকদের কাজে আসবে।

সিএএ বিরোধী মিছিলে হাঁটলেন আইনজীবীরা

নিজস্ব প্রতিনিধি— কেন্দ্রীয় সরকারের সিএএ এবং এনআরসির বিরোধিতায় সার্বিক ঐক্য দেখা গেল কলকাতা হাইকোর্ট চত্বরে। যেখানে জাতীয় কংগ্রেস থেকে বামপন্থী এমনকি এই রাজ্যের শাসক দলের মতাদর্শে বিশ্বাসী আইনজীবীদের একসাথে হাঁটতে দেখা গেল কেন্দ্রের এনআরসি বাতিলের মিছিলে। কলকাতা পুরসভার প্রাক্তন মেয়র তথা বাম নেতা বিকাশরঞ্জন ভট্টাচার্য, কংগ্রেস নেতা অরুণাভ ঘোষ, আবার রাজ্য তৃণমূল লিগ্যাল সেলের চেয়ারম্যান ভাস্কর বৈশ্য। প্রত্যেকে আলাদা দলের মতাদর্শে বিশ্বাসী হলেও আজ আইনজীবীদের একসুরে সিএএ বিরোধীতা দেখা যায়। সোমবার দুপুরে কলকাতা হাইকোর্টের মেন গেট থেকে সিটি সিভিল আদালতের গেট অবধি কয়েকশো আইনজীবীদের রাজনৈতিক প্লাটফর্মের বাইরে এনআরসি বাতিলের মিছিল দেখা যায়। এই প্রতিবাদ মিছিলে তাকা কলকাতা হাইকোর্টের বর্ষীয়ান আইনজীবী মাসুদ করীম বলেন - 'ভারতে বসবাসকারী প্রত্যেককে নাগরিক হিসাবে মান্যতা দিতে হবে।

সিএএ'র বিরুদ্ধে ৩ দিনের গণ অবস্থানে জামিয়তে উলেমা

নিজস্ব প্রতিনিধি— এবার নাগরিক সংশোধন আইনের বিরুদ্ধে আন্দোলনে নামছেন সিদ্দিকুল্লাহ চৌধুরি। তৃণমূল শীর্ষ নেতৃত্বের তরফ থেকে তাঁকে এই নির্দেশ দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। সূত্রের খবর, যদিও এই আন্দোলন করতে হবে শান্তিপূর্ণভাবে। দলীয় নির্দেশের পরেই আন্দোলনে নামতে চলেছে সিদ্দিকুল্লাহ চৌধুরির জমিয়তে উলেমা সংগঠন। ২৩ থেকে ২৫ জানুয়ারির এই তিন দিন এন্টালির রামলীলা ময়দানে গণ অবস্থান এই সংগঠনের তরফ থেকে করা হচ্ছে বলে খবর। সোমবার সংগঠনের তরফে একটি প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয়েছে ওই গণ অবস্থানের পৌরহিত্য করবেন রাজ্য মন্ত্রীসভার সদস্য মওলানা সিদ্দিকুল্লাহ চৌধুরি। বলা হয়েছে এই সংগঠন বরাবর শান্তিপূর্ণ কর্মসূচি পালন করে আসছে, এবারের এই প্রতিবাদ কর্মসূচিও হবে শান্তিপূর্ণভাবেই। যদিও জমিয়তের এক মুখপাত্র অবশ্য বলেন কারো নির্দেশে বা পরামর্শে তাঁরা গণ অবস্থানে বসতে যাচ্ছেন না। জমিয়তে উলেমা একটি স্বাধীন সংগঠন। গত ২২ ডিসেম্বর কলকাতায় তারা নাগরিকত্ব সংশোধন আইনের বিরোধিতায় ইতিমধ্যেই বড় সভা করেছে। এর পর সংগঠনের মধ্যেই আলোচনা করে ২৩ জানুয়ারি থেকে তিন দিনের গণ অবস্থান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কলকাতা পুরসভার গেটে প্রায় সাড়ে তিন কোটি টাকার স্পোর্টস কার অ্যাস্টন মার্টিন নিয়ে হাজির হলেন বন্দর এলাকার তৃণমূল যুবনেতা তথা কাউন্সিলর সামস ইকবাল। হইচই পড়ে যায়। কেউ তুললেন নিজস্বী, কেউ আবার সমালোচনায় মুখর।

জাল সিমেন্ট কারখানার হদিশ নিমতায়, গ্রেফতার পাঁচ

নিজস্ব সংবাদদাতা, বারাকপুর, ২০ জানুয়ারি— জাল সিমেন্ট কারখানার হদিশ মিলল নিমতায়। কল্যাণী এক্সপ্রেসওয়ের পাশে নিমতার ফতুল্লাপুরের আমবাগানে চলছিল এই জাল সিমেন্ট কারখানা। রবিবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে নিমতা থানার পুলিশ ওই কারখানায় হানা দিয়ে পাঁচজনকে গ্রেফতার করে। এর সাথেই তিনটি লরিও আটক করে নিমতা থানার পুলিশ। এদিন ধৃত পাঁচজনকে বারাকপুর কোর্টে তোলা হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, বিভিন্ন নামি দামি কোম্পানির নষ্ট হওয়া সিমেন্ট নিয়ে এসে রাসায়নিক ও গঙ্গামাটি ব্যবহার করে আবার নতুন করে ওই নামি দামি কোম্পানির বস্তায় ভরে চালান করে দেওয়া হত। পুলিশের অনুমান, পাশেই কল্যাণী এক্সপ্রেসওয়ে হওয়ায় সহজেই ওই জাল সিমেন্ট অন্যত্র পৌঁছে যেত। স্থানীয় সূত্রে খবর, প্রায় মাস তিনেক ধরে চলছিল এই জাল সিমেন্ট কারখানা। স্থানীয় সূত্রে আরও খবর, মাসিক কয়েক হাজার টাকার বিনিময়ে ফতুল্লাপুরে বাসিন্দা মহম্মদ তার ফাঁকা জমি ভাড়া দেয়। সেখানেই তৈরি হত ওই জাল সিমেন্ট। সূত্র মারফত জানা গিয়েছে, কাশীপুরের বাসিন্দা পণ্ডিত সাউ ও বেলগাছিয়ার বাসিন্দা শেখ সাঈদ এই কারখানা চালাচ্ছিল। তবে প্রশ্ন উঠতে শুরু করেছে কিভাবে পুলিশের নাকের ডগায় এইভাবেই জাল সিমেন্ট কারখানা চলছিল। কল্যাণী এক্সপ্রেসওয়ের পাশেই চলছিল কারখানা তাসত্ত্বেও কেন পুলিশ কিছু জানতে পারল না। এদিন ওই কারখানায় গিয়ে দেখা যায় হাজারে হাজারে বিভিন্ন নামি দামি কোম্পানির সিমেন্ট বোঝাই বস্তা পড়ে রয়েছে। সামনে শুধু একটি পুলিশের গাড়ি পাহারা দিচ্ছে। এদিন এলাকাবাসী জানায়, প্রায় মাস তিনের ধরে কারখানা চলছিল। রাতে লরি আসত। মাল নামাত, মাল নিয়ে চলে যেত।

কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে এবার পথে নামতে চলেছে রেশন ডিলার্স সংগঠন

নিজস্ব সংবাদদাতা, বারাকপুর, ২০ জানুয়ারি— পয়লা মার্চ থেকে কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে পথে নামতে চলেছে অল ইন্ডিয়া রেশন ডিলার্স অ্যাসোসিয়েশন। সোমবার দমদমের রবীন্দ্র ভবনে উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলি, কলকাতার রেশন ডিলার্সরা। সোমবার দমদমের রবীন্দ্র ভবনে উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলি, কলকাতার রেশন ডিলার্সরা তাদের বাৎসরিক সভায় কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে আন্দোলনে নামার বিষয়ে সিদ্ধান্ত নেন। এদিনের এই সভায় সাংসদ সৌগত রায় সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত নেন। এদিনের এই সভায় সাংসদ সৌগত রায় সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এদিন রেশন ডিলার্স অ্যাসোসিয়েশানের পক্ষ থেকে জানানো হয়, কেন্দ্রীয় সরকার যে এনআরসি করে সাধারণ মানুষের নাম বাদ দেওয়ার কথা বলছে তাতে আগামীতে রেশন ডিলার ক্ষতির মুখে পড়বে। কেন না যদি সাধারণ মানুষের নাম বাদ যায় তাহলে তাদের রেশন কার্ডও বাতিল হয়ে যাবে। যার জেড়ে ৫ লক্ষ ২৭ হাজার ৩৬৮ জন রেশন দোকানের মালিকেরা ক্ষতির মুখে পড়বে। তাই তারা আন্দোলন নামতে চলেছে। এ বিষয়ে অল ইন্ডিয়া ফেয়ার প্রাইজশপ ডিলার্স ফেডারেশনের সাধারণ সম্পাদক বিশ্বম্ভর বসু জানায়, কেন্দ্রীয় সরকারের নীতিতে সারা দেশের রেশন দোকানদারদের অস্তিত্বের সংকট এসে দাঁড়িয়েছে। তাই রেশন মালিকরা আগামী মার্চ মাসের ১ তারিখ থেকে তারা আন্দোলনে নামতে চলেছে। এছাড়াও তারা কেন্দ্রীয় সরকার একের পর এক বেসরকারিকরণের মাধ্যমে কেন্দ্রীয় সংস্থাগুলিকে তুলে দেওয়ার বিরুদ্ধেও পথে নামবেন তারা। এদিন সংগঠনের পক্ষ থেকে এনআরসি, সিএএ ও এনপিআর নিয়ে রাজ্য সরকারের পাশে থাকার বার্তা দেওয়া হয়। পাশাপাশি বেশকিছু দাবি দাওয়াও তারা সামনে রাখে। তার মধ্যে উল্লেখ্যযোগ্য হল, জনস্বার্থে গণবন্টন ব্যবস্থাকে শক্তিশালী করা। খোলা বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি প্রতিরোধ করার জন্য এনএফএস তালিকায় ডাল, তেল, নুন, চিনিকে আনা। এর পাশাপাশি জীবিকার সাথে কমিশন ও নূন্যতম ত্রিশ হাজার টাকা রোজগার। এদিন সংগঠনের পক্ষ থেকে সাংসদ সৌগত রায়কে সংবর্ধিত করা হয় ২০১৯ সালে সেরা সাংসদের শিরোপা পাওয়া। এদিন বার্ষিক সম্মেলনের মাধ্যমে পশ্চিমবাংলা রাজ্য কমিটি নতুন কমিটি ঘোষণা করা হয়। এদিন সাংসদ সৌগত রায় সংগঠনের আন্দোলনকে সমর্থন জানায়। পাশাপাশি এর আগেও দিল্লিতে সংগঠনের ধরণা মঞ্চে তিনি গিয়েছিলেন বলে জানান।

SINCLAIRS
HOTELS and RESORTS

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে অন্যান্য বিষয়ের সঙ্গে বিবেচনা এবং অনুমোদনের জন্য সোমবার ১০ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে ডিরেক্টর বোর্ডের এক সভা অনুষ্ঠিত হবে।

১. ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখে সমাপ্ত তিন মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফল।
২. শেয়ারহোল্ডারগণের অনুমোদন সাপেক্ষে কোম্পানির প্রতিটি ১০ টাকার প্রাথমিক মূল্যের ১ (এক) ইক্যুইটি শেয়ার প্রতিটি ২ টাকা মূল্যের ৫ (পাঁচ) ইক্যুইটি শেয়ারের বিভাজন।

কলকাতা — স্মৃস্তি রাহুল মোদি
২১ জানুয়ারি, ২০২০ — কোম্পানি সেক্রেটারি

সিনক্লেয়ার্স হোটেলস লিমিটেড
রেজি. অফিস : প্রেসম্যান হাউস,
১০এ লি রোড, কলকাতা - ৭০০ ০২০
ফোন : + ৯১৩৩ ৪০৩১০৮০৭
e : ir@sinclairshotels.com
www.sinclairsindia.com
CIN : L55101WB1971PLC028152

MotoBuzz- যাহা একটি পার্টনারশীপ সংস্থা ছিল, বর্তমান-এ সেটি বন্ধ করার নোটিশ জারি করা হলো। কোনো রকমের প্রাপ্য থাকিলে আগামী ২১ দিনের মধ্যে যোগাযোগ করিতে হইবে নিম্নলিখিত ঠিকানাতে, নচেৎ তৎপরবর্তী দাবি দেয় প্রাপ্য বলে গণ্য হবে না। ঠিকানা – পি১২, গ্রিনভিউ, ৫৭, বৈষ্ণবঘাটা, পাটুলি, কলকাতা-৭০০০৮৪, মোবাইল নম্বর: ৯৮৩০৬০৬২৮৩, ৮০১৩২৬৫৫৬৩।

সিসিটিভি ফুটেজে বাঘরোল দেখে কোন্নগরে বাঘ আতঙ্ক

নিজস্ব সংবাদদাতা, হুগলি, ২০ জানুয়ারি– সিসিটিভি ক্যামেরায় কয়েক সেকেন্ডের ছবিতে ধরা পড়েছে রাস্তায় দাঁড়িয়ে থাকা একটি মিনিডোর গাড়ির পাশ দিয়ে দুলকি চালে হেঁটে যাচ্ছে ডোরাকাটা জন্তু। আর সেই ছবি সামনে আসতেই গোটা এলাকায় ছড়িয়ে পড়েছে দক্ষিণরায়-এর (বাঘ) আতঙ্ক। লোকমুখে রটে যায় কোন্নগরের কানাইপুর গ্রাম পঞ্চায়েতের বাসাই এলাকায় নাকি 'বাঘ' দেখা গিয়েছে। আর এমন কথা চাউর হতেই লাঠিসোঁটা নিয়ে এলাকায় 'বাঘ' খুঁজতে বেরিয়ে পড়ে ছেলে ছোকরার দল। যদিও তার 'দক্ষিণরায়'-এর দেখা মেলেনি খবর দেওয়া হয় বন দফতরকে। যদিও ডোরাকাটা জন্তুটি আদপে 'দক্ষিণরায়' বাঘ নয় এবং সেটি আসলে একটি পূর্ণবয়স্ক বাঘরোল বলে স্পষ্ট জানিয়ে দিয়েছে বন দফতর।

বন দফতর সূত্রে আরও জানানো হয়, চলতি মাসের গত ১২ জানুয়ারি রিষড়ার বাঘখাল এলাকায় একটি পূর্ণবয়স্ক বাঘরোল (চলতি কথায় মেছো বিড়াল) গাড়ির ধাক্কায় মারা যায়। সেই নিহত বাঘরোলটিও আকারে বেশ বড়সড় থাকায় প্রাথমিকভাবে তার আকৃতি দেখে স্থানীয় বাসিন্দারা অনেকেই 'বাঘ' ভেবে ভুল করেছিল। একইভাবে এক্ষেত্রেও কানাইপুরে সিসিটিভি ক্যামেরায় দেখতে পাওয়া প্রাণীটিকে 'বাঘ' ভেবে হইচই করছেন স্থানীয় বাসিন্দারা। যদিও বন দফতরের তরফে স্পষ্ট করে জানিয়ে দেওয়া হয়েছে এই প্রাণীটি বাঘ নয়, বাঘরোল।

অস্ত্রের আঘাতে গুরুতর জখম তিন মহিলা

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া, ২০ জানুয়ারি-– প্রতিবেশীদের ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর জখম হলেন তিন মহিলা। সোমবার দুপুরে ঘটনাটি ঘটে পুরুলিয়ার বাগমুণ্ডি র রাম ডি গ্রামে। স্থানীয় সূত্রে জানা গেছে, প্রতিবেশী একটি পরিবারের সঙ্গে দীর্ঘদিন ধরেই অশান্তি চলছিল আরেকটি পরিবারের। সোমবার দুপুরে ৬০ বছরের বৃদ্ধা বেহুলা গোপ যখন নিজের বাড়িতে বসেছিলেন, সেই সময় প্রতিবেশী কয়েকজন যুবক ধারালো অস্ত্র নিয়ে তাঁকে আক্রমণ করে। বৃদ্ধাকে বাঁচাতে গিয়ে গুরুতর আহতন হন আরও দুই মহিলা। তাঁদের নাম বৈশাখী গোপ এবং রেখা গোপ। গুরুতর জখম অবস্থায় তাঁদের পুরুলিয়া সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। বৃদ্ধার অভিযোগ, ডাইনি অপবাদ দিয়ে তাঁকে আক্রমণ করা হয়। তবে জেলা পুলিশ সূত্রে জানা গেছে, এ নিয়ে কোনও অভিযোগ এখনও পর্যন্ত দায়ের হয়নি। এখনও গ্রেফতার হয়নি কেউ।

বিভ্রান্তি ছড়ানোর চেষ্টায় সাইবার থানায় অভিযোগ দায়ের কলকাতা পুরসভার

নিজস্ব প্রতিনিধি— কলকাতা পুলিশের স্মরণাপন্ন হল এবার কলকাতা পুরসভা। সামনেই ভোট এদিকে পুরসভার পুরনো ওয়েবসাইটে থাকা একটি তথ্য ছড়িয়ে বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা করা হচ্ছে। এমন কার্যকলাপে পুরসভার আসন্ন ভোটে বড়সর গন্ডগোল সৃষ্টি হতে পারে। সাধারণ মানুষ এর দ্বারা প্রভাবিত হতে পারে। সেই আশঙ্কা থেকেই কলকাতা পুরসভার অভিযোগ দায়ের করা হয়েছে কলকাতা পুলিশের সাইবার থানায়। ২০১১ সালে কলকাতা পুরসভার একটি জনগননার রিপোর্টকে এনপিআর হচ্ছে বলে একটি অসাধু চক্র হোয়াটসঅ্যাপে ভাইরাল করে দিয়েছে। বিভিন্ন গ্রুপে এখন ঘুরছে এই বিভ্রান্তিমূলক তথ্যটি। পাবলিক ডোমেনে রাখা এই তথ্য বহুদিন ধরে রাখা ছিল। কিন্তু এত বছর আগের সেই তথ্যকে হাতিয়ার করে সাধারণ মানুষের মনে বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা কে বা কারা করছে জানতেই এবার কলকাতা পুলিশের সাইবার থানায় অভিযোগ জানিয়েছেন কলকাতা পুরসভার সেনসাস বিভাগের চিফ ম্যানেজার ভাস্কর ভট্টাচার্য্য। তবে ওয়েবসাইট হ্যাক করে যে এটা করা হয়নি। শুধুমাত্র সোশ্যাল সাইটে কলকাতাবাসীকে ভুল পথে পরিচালিত করার চেষ্টা হচ্ছে বলে জানিয়েছেন কলকাতা পুলিশের যুগ্ম কমিশনার (অপরাধ দমন) মুরলীধর শর্মা। ওয়েবসাইট থেকে ওই তথ্য স্ক্রিনশট নিয়ে এনপিআর বলে তা ছড়িয়ে দেওয়া হচ্ছে হোয়াটসঅ্যাপে বলেও জানিয়েছেন তিনি। পুরসভার ভোট প্রক্রিয়া সামনে থাকায় জরুরি ভিত্তিতে ইতিমধ্যেই তদন্তে নেমেছ কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ।

বিষ্ণুপুরে পিকনিক করতে এসে জলে ডুবে মৃত ১

নিজস্ব সংবাদদাতা, দক্ষিণ ২৪ পরগনা, ২০ জানুয়ারি— সোমবার দুপুরে পিকনিক করতে আসা এক যুবকের জলে ডুবে মৃত্যু হলে এলাকায় চাঞ্চল্য ছড়ায়। ঘটনাস্থল বিষ্ণুপুর বাখরাহাটের ছোট কাজরিয়া মোড়ের একটি বাগানবাড়ি। সূত্রের খবর, কলকাতা থেকে একটি দল বাগানবাড়িতে পিকনিক করতে আসে। দলের চারজন পুকুরের জলে নামলে একজন তলিয়ে যায়। প্রায় দেড়ঘণ্টা ধরে পুকুরে জাল ফেলে রাজকুমার প্রধান (৩৫) নামে এক যুবকের দেহ পাওয়া যায়। খবর পেয়ে বিষ্ণুপুর থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। মদ্যপ অবস্থায় জলে পড়ে মৃত্যু, না অন্য কোনও ঘটনা, খতিয়ে দেখছে পুলিশ।

ডায়নামিক আর্কিস্ট্রাকচার্স লিমিটেড
রেজি. অফিস : ৪০৯, সোয়াইকা সেন্টার, ৪এ, পোলোক স্ট্রিট, কলকাতা (প.ব.) ৭০০ ০০১, ফোন : ০৩৩-২২৩৪২৬৭৩
ওয়েবসাইট : www.dynamicarchistructures.com
ইমেল : info@dynamicarchistructures.com
CIN : L45201WB1996PLC077451

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে ২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস এর রেগুলেশন ৪৭(১) অধীনে অন্যান্য বিষয়ের সঙ্গে ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখে সমাপ্ত কোম্পানির তৃতীয় তিনমাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা এবং অনুমোদনের জন্য সোমবার ২৭ জানুয়ারি, ২০২০ তারিখ বিকাল ৪.০০টায় কোম্পানির রেজিস্টার্ড অফিসে ডিরেক্টর বোর্ডের এক সভা অনুষ্ঠিত হবে। রেগুলেশন ৪৭(২) অধীনে, উক্ত বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.dynamicarchistructures.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com-এ পাওয়া যাবে।

বোর্ডের আদেশক্রমে
ডায়নামিক আর্কিস্ট্রাকচার্স লিমিটেড'এর পক্ষে
স্বা/-
দানমাল পরওয়াল
স্থান : কলকাতা — চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর
তারিখ : ২০.০১.২০২০ — DIN: 00581351